

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
ধামরাই, ঢাকা
(dhamrai.dhaka.gov.bd)

স্মারক নম্বর- ০৫.৪১.২৬১৪.০০০.০০০.১৮.০১২.২২.১০৩১

তারিখ: ১০ শ্রাবণ ১৪৩০ বঙ্গাব্দ
২৫ জুলাই ২০২৩ খ্রিস্টাব্দ

নিয়োগ বিজ্ঞপ্তি

স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) গ্রাম পুলিশ বাহিনী গঠন, প্রশিক্ষণ, শৃঙ্খলা ও চাকুরীর শর্তাবলী সম্পর্কিত বিধিমালা, ২০১৫ মোতাবেক ধামরাই উপজেলাধীন নিম্নে বর্ণিত ইউনিয়ন পরিষদের পার্শ্বে উল্লিখিত গ্রাম পুলিশ (মহল্লাদার) এর শূন্য পদে মাসিক ৬,৫০০/- (ছয় হাজার পাঁচশত) টাকা (সরকারী অংশের ৩২৫০/- ও ইউপি অংশে ৩২৫০/-) বেতনে বাংলাদেশের স্থায়ী নাগরিক ও সংশ্লিষ্ট ইউনিয়নের স্থায়ী বাসিন্দাদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে।


ক্র: নং	ইউনিয়নের নাম	পদের নাম	শূন্য পদের সংখ্যা	ওয়ার্ড	বয়স সীমা	শিক্ষাগত যোগ্যতা
০১	বালিয়া	মহল্লাদার	০১	০২	অনুর্ধ্ব ৩০ বৎসর	ন্যূনতম অষ্টম শ্রেণী পাস
০২	সুয়াপুর	মহল্লাদার	০১	০৬		
০৩	রোয়াইল	মহল্লাদার	০১	০৪		
০৪	ভাড়ারিয়া	মহল্লাদার	০২	০১,০৩		

শর্তাবলী:

- আবেদন পত্রে (ক) প্রার্থীর নাম, (খ) পিতা/স্বামীর নাম, (গ) মাতার নাম, (ঘ) স্থায়ী ঠিকানা, (ঙ) বর্তমান ঠিকানা, (চ) জাতীয়তা, (ছ) ধর্ম, (জ) জন্ম তারিখ, (ঝ) বয়স (ঞ) শিক্ষাগত যোগ্যতা, (ট) জাতীয় পরিচয় পত্র নম্বর ইত্যাদি উল্লেখপূর্বক নিম্নস্বাক্ষরকারীর বরাবরে আবেদন করতে হবে।
- আবেদনের সাথে সদ্য তোলা ০৩ (তিন) কপি পার্সপোর্ট সাইজের ছবি, শিক্ষাগত যোগ্যতার সনদ, জন্ম নিবন্ধন ও জাতীয় পরিচয় পত্রের অনুলিপি সহ উপজেলা নির্বাহী অফিসার, ধামরাই, ঢাকা বরাবর দাখিল করতে হবে।
- প্রার্থীর বয়স ২৫/০৭/২০২৩ খ্রি. তারিখের মধ্যে ১৮-৩০ বছর হতে হবে।
- শারীরিক যোগ্যতা:

প্রার্থীর ধরণ	উচ্চতা	বুকের মাপ	ওজন
পুরুষ প্রার্থী	সর্বনিম্ন ৫ ফুট ২ ইঞ্চি	৩০ ইঞ্চি (স্বাভাবিক) ৩২ ইঞ্চি (সম্প্রসারণ)	৫০ কেজি
মহিলা প্রার্থী	সর্বনিম্ন ৫ ফুট	২৮ ইঞ্চি (স্বাভাবিক) ৩০ ইঞ্চি (সম্প্রসারণ)	৪৫ কেজি

- আবেদনপত্র আগামী ১৬/০৮/২০২৩ খ্রি. তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে নিম্ন স্বাক্ষরকারীর কার্যালয়ে সরাসরি জমা দিতে হবে।


25.7.23
হোসাইন মোহাম্মদ হাই জকী
উপজেলা নির্বাহী অফিসার
ধামরাই, ঢাকা

unodhamrai@mopa.gov.bd